গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০৪৬.২৩.০০৫.২৫. ৯৭৯ তারিখঃ ০৮/০৯/২০২৫

বিষয়ঃ **জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ এর জন্য মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং আবেদন ফরম ওয়েবসাইট/ওয়েব পোর্টালে আপলোড।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০১ নভেম্বর ২০২৫ শনিবার ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হবে। উক্ত দিবসে সমবায় অঙ্গনে কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য সমবায় সমিতি এবং সমবায়ীকে স্বীকৃতিস্বরূপ জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এ লক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৫ অনুযায়ী জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ এর জন্য মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি, নীতিমালার অনুচ্ছেদ ৬.১ এ উল্লিখিত ২টি আবেদন ফরম (সমবায় সমিতি এবং সমবায়ীর জন্য পৃথক পৃথক) এবং আবেদনের শ্রেণি/ক্যাটাগরি ওয়েবসাইট/ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। ০২টি আবেদন ফরম;
২। জাতীয় সমবায় পুরস্কার-২০২৪ এর মনোনয়ন আহ্বান বিজ্ঞপ্তি।

০৮/০৯/২০২৫

মুনিমা হাফিজ
নিবন্ধক ও মহাপরিচালক (অতি: দায়িত্ব)
ফোনঃ ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

**অবগতি ও কার্যার্থে বিতরণ:**

১। সচিব (রুটিন দায়িত্ব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সমবায় অধিদপ্তর, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয় (সকল)। তাঁর আওতাধীন জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টাল, জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েবসাইট/ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সমবায় অধিদপ্তর
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং: ৪৭.৬১.০০০০.০৪৬.২৩.০০৫.২৫.১৭০ তারিখ: ০৮/০৯/২০২৫

# বিজ্ঞপ্তি

## 'জাতীয় সমবায় পুরস্কার ২০২৪' এর মনোনয়ন আহবান

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৪ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৩নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেণিবিন্যাস অনুযায়ী **১৪টি** জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৪ (চার) **জন সমবায়ীকে (২জন পুরুষ, ২জন মহিলা)** ২০২৪ সালের সমবায় পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হবে।

**সমবায় সমিতির শ্রেণি/ক্যাটাগরিসমূহ**

১. **কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়:** কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;
২. **সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়:** সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি;
৩. **উৎপাদনমুখী সমবায়:** দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি;
৪. **ব্যবসায়ী সমবায়:** দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি;
৫. **মুক্তিযোদ্ধা সমবায়:** মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৬. **বিত্তহীন, ভূমিহীন সমবায়:** বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি;
৭. **মহিলা সমবায়:** মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোন ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৮. **পেশাভিত্তিক সমবায়:** মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাঙ্ক-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি;
৯. **গৃহায়ন/ বহুমুখী সমবায়:** গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি;
১০. **বিশেষ ও অন্যান্য শ্রেণি:** যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি ।

**আবেদন প্রক্রিয়া**

১. **আবেদন ফরম প্রাপ্তিস্থান:** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট **www.rdcd.gov.bd** এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট **www.coop.gov.bd** বিভাগীয় সমবায় কার্যালয়, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টালে ০৮/০৯/২০২৫ তারিখ হতে পাওয়া যাবে।
২. **আবেদন ফরম জমা:** সমবায়ী এবং সমবায় সমিতির প্রতিনিধিকে নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে ১৬/০৯/২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে।

০৮/০৯/২০২৫

মুনিমা হাফিজ
নিবন্ধক ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

ফরম-ক

# জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায় সমিতি)

## আবেদনের শ্রেণি/ক্যাটাগরি**

.................................................................

১. সমবায় সমিতির নাম:

২. সমবায় সমিতির নিবন্ধন নং ও তারিখ:

৩. সমবায় সমিতির ঠিকানা:

৪. ব্যবস্থাপনা কমিটির ধরণ ও মেয়াদকাল:

৫. সমিতির অর্থনৈতিক অবস্থা-

ক) পরিশোধিত শেয়ার মূলধন (টাকায়) ...............................

খ) সংরক্ষিত তহবিল (টাকায়).........................

গ) মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল (টাকায়).......................

ঘ) সঞ্চয় আমানত (টাকায়)............................

৬. নিরীক্ষা সম্পাদনের তারিখ:

৭. সর্বশেষ নিরীক্ষা বর্ষে অর্জিত নিট মুনাফা:

৮. সামাজিক কার্যক্রমের বিবরণ:

৯. নিজস্ব কর্মচারীর সংখ্যা (যদি থাকে):

১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

সম্পাদক/নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপক/ম্যানেজারের
স্বাক্ষর..........................................
নাম:............................................
মোবাইল নম্বর:.................................
ই-মেইল:.......................................
তারিখ:..........................................

সভাপতির স্বাক্ষর.....................................
নাম:...................................................
মোবাইল নম্বর:......................................
ই-মেইল:..............................................
তারিখ:.................................................

**আবেদন ফরমের সাথে সংযুক্ত শ্রেণি/ক্যাটাগরি হতে যেকোন একটি উল্লেখ করতে হবে।

ফরম-খ

# জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায়ী)

আবেদনকারীর সাম্প্রতিককালে তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে (অনলাইনে আবেদনের ক্ষেত্রে JPG ফরম্যাটে ছবি সংযুক্ত করতে হবে)।

১. আবেদনকারীর নাম (বাংলায়): ................................................

ইংরেজিতে (বড় অক্ষরে): ................................................

২. পিতার নাম : ................................................................

মাতার নাম : ................................................................

৩. ক) বর্তমান ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা):

খ) স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা):

৪. জাতীয় পরিচয়পত্র নম্বর (সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

৫. ক) জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী): খ) বয়স (আবেদনের তারিখে):

৬. শিক্ষাগত যোগ্যতা (সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)

৭. সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ ও বর্তমানে সমিতিতে পদবি:

৮. ব্যক্তিগত শেয়ারের মূল্য ও সঞ্চয় আমানতের পরিমাণ-

ক) শেয়ার (টাকায়):

খ) সঞ্চয় (টাকায়):

৯. ব্যক্তিগত ঋণ সংক্রান্ত তথ্যাদি-

ক) ঋণ গ্রহণের পরিমাণ (টাকায়):

খ) ঋণ পরিশোধের পরিমাণ (টাকায়):

১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

আবেদনকারীর স্বাক্ষর..............................

মোবাইল নম্বর:......................................

ই-মেইল: ...........................................

তারিখ:...............................................

# জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ অংশিক সংশোধন সংক্রান্ত

| বিষয়/অনুচ্ছেদ | বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ | সংশোধিত | বাদ | অন্তর্ভূক্তি | যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|
| **১. ভূমিকা** | সমবায় পদ্ধতির অনুশীলন ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও উদ্যোগকে যৌথ প্রচেষ্টার মাধ্যমে বৃহত্তর উদ্যোগ গ্রহণে সহায়তা করে। এ ধরণের উদ্যোগের অংশীদার হয়ে সদস্যদের আনুপাতিক সম্পদের পরিমাণ বৃদ্ধি পায়, যা তাদের অধিকতর জীবনমান উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করে। আদর্শ, মূল্যবোধ এবং গণতান্ত্রিক অনুশীলনের কারণে সমবায় সুশাসনের প্রতীক। আর সমাজ ও জাতীয় জীবনের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠা আমাদের সরকারি অঙ্গীকার। সমবায়ের এরূপ উৎকর্ষতা বিবেচনায় রেখে আমাদের পবিত্র সংবিধানে সমবায় মালিকানাকে স্বীকৃতি দেয়া হয়েছে। পাশাপাশি সমবায়ের বিস্তারে সরকারের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় চলমান সমবায় কার্যক্রমকে আরো সম্প্রসারিত, গতিশীল ও উৎসাহিত করার জন্য সরকার সমবায়ের মাধ্যমে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ ''জাতীয় সমবায় পুরস্কার" প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। | | | | |
| **২. উদ্দেশ্য** | সমবায় অঙ্গনে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য সমবায়ী এবং সমবায় সমিতিকে স্বীকৃতিস্বরূপ জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। সমবায় আদর্শ ও দর্শনের যথাযথ প্রয়োগের মাধ্যমে দেশের দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখার জন্য প্রতি বছর দেশের বিভিন্ন শ্রেণির শ্রেষ্ঠ সমবায়ী ও সমবায় সমিতিকে এ পুরস্কার প্রদান করা হবে। সমবায় আন্দোলনকে আরো গতিশীল এবং সমবায়ীদের মধ্যে ভাল কাজ করার ও অর্থনৈতিক কর্মকাণ্ডে অবদান রাখার ক্ষেত্রে আগ্রহ উদ্দীপনা ও প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি করাই জাতীয় সমবায় পুরস্কারের মূল উদ্দেশ্য। | | | | |
| **৩. সমবায় সমিতির শ্রেণি বিন্যাস/ ক্যাটাগরি** | নীতিমালার উদ্দেশ্যের আলোকে সার্বিক কর্মকান্ড বিবেচনায় কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য প্রতিবছর ১৩টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৩ (তিন) জন সমবায়ীকে (কমপক্ষে ১জন মহিলা) এই পুরস্কারের জন্য মনোনয়ন প্রদান করা হবে। জাতীয় সমবায় পুরস্কার প্রদানের জন্য ১০টি সমবায় সমিতি শ্রেণি/ক্যাটাগরি নিম্নরূপ: | ৩. নীতিমালার উদ্দেশ্যের আলোকে সার্বিক কর্মকান্ড বিবেচনায় কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য প্রতিবছর **১৪টি** জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং **০৪ (চার) জন সমবায়ীকে (কমপক্ষে ২জন পুরুষ, ২জন মহিলা)** এই পুরস্কারের জন্য মনোনয়ন প্রদান করা হবে। জাতীয় সমবায় পুরস্কার প্রদানের জন্য ১০টি সমবায় সমিতি শ্রেণি/ক্যাটাগরি নিম্নরূপ: | | '১৩টি'র পরিবর্তে **'১৪টি'** এবং '০৩ (তিন) জন সমবায়ীকে (কমপক্ষে ১জন মহিলা)'র পরিবর্তে **'০৪ (চার) জন সমবায়ীকে (কমপক্ষে ২জন পুরুষ, ২জন মহিলা)'** অন্তর্ভুক্ত করা হয়েছে। | ১. পুরস্কার প্রদানের ক্ষেত্রে নারী ও পুরুষের সংখ্যার সমতা আনয়ন করার প্রস্তাব করা হয়েছে। |

| বিষয়/অনুচ্ছেদ | বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ | সংশোধিত | বাদ | অন্তর্ভুক্তি | যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|
| | ১. কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়<br>- কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি। | | | | |
| | ২. সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়<br>- সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি। | | | | |
| | ৩. উৎপাদনমুখী সমবায়<br>- দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি। | | | | |
| | ৪. ব্যবসায়ী সমবায়<br>- দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি। | | | | |
| | ৫. মুক্তিযোদ্ধা সমবায়<br>- মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে। | | | | |
| | ৬. বিত্তহীন, ভূমিহীন সমবায়<br>- বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি। | | | | |
| | ৭. মহিলা সমবায়<br>- মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোন ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে। | | | | |
| | ৮. পেশাভিত্তিক সমবায়<br>- মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাঙ্ক-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি। | | | | |
| | **৯. গৃহায়ন সমবায়**<br>- গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি। | **৯. গৃহায়ন/ বহুমুখী সমবায়:**<br>- গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, **বহুমুখী সমবায় সমিতি।** | - | শিরোনামে **'বহুমুখী সমবায়'** ও বিস্তারিততে 'বহুমুখী সমবায় সমিতি' অন্তর্ভুক্ত করা হয়েছে। | ১. গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতির সংখ্যা কম এবং অধিকাংশ ক্ষেত্রে গৃহায়ণ (হাউজিং) সোসাইটির সাথে ফ্ল্যাট বা |

| বিষয়/অনুচ্ছেদ | বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ | সংশোধিত | বাদ | অন্তর্ভূক্তি | যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|
| | | | | | অ্যাপার্টমেন্ট মালিক ক্যাটাগরির উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সমিতি প্রতিযোগিতায় পাওয়া যায় না। যে কারণে নিজস্ব মূলধন ও অন্যান্য সূচকে সক্ষমতার বিচারে প্রতিযোগিতার জন্য বহুমুখী সমবায় সমিতিকে প্রস্তাবিত **'গৃহায়ন/ বহুমুখী সমবায়'** ক্যাটাগরিতে অন্তর্ভূক্ত করা যেতে পারে। |
| | ১০. **বিশেষ ও অন্যান্য শ্রেণি**<br>- যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি । | ১০. **বিশেষ ও অন্যান্য শ্রেণি**<br>- যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি । | বিস্তারিততে বিদ্যমান 'বহুমুখী সমবায় সমিতি' বাদ দেয়া হয়েছে। | | ১. এ ক্যাটাগরিতে যুব, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক বা শ্রমজীবী সমবায় সমিতির সক্ষমতার বিচারে বিভিন্ন সূচকে বহুমুখী সমবায় সমিতির সাথে অসম প্রতিযোগিতা হয়। কাজেই এই অনুচ্ছেদ থেকে বহুমুখী সমবায়কে স্থানান্তর করে ৩ (৯) অনুচ্ছেদে প্রস্তাবিত **'গৃহায়ন/ বহুমুখী সমবায়'** ক্যাটাগরিতে যুক্ত করা যেতে পারে। |
| **৪.পুরস্কারের ধরণ ও প্রকৃতি** | ক) ১টি ক্রেস্ট (ক্রেস্টের ভিতরে অনুমোদিত ডিজাইনে ২১ (একুশ) ক্যারেট মানের ১০ (দশ) গ্রাম ওজনের স্বর্ণপদক থাকবে)<br>খ) ১টি সম্মাননা সনদ<br>গ) ১ (এক) লক্ষ টাকা অর্থমূল্য | ক) ১টি ক্রেস্ট<br>খ) ১টি সম্মাননা সনদ<br>গ) ২ (দুই) লক্ষ টাকা অর্থমূল্য | ক্রেস্টের ভিতরে অনুমোদিত ডিজাইনে ২১ (একুশ) ক্যারেট মানের ১০ (দশ) গ্রাম ওজনের স্বর্ণপদক থাকবে | অর্থমূল্য ১ (এক) লক্ষ টাকার পরিবর্তে ২ (দুই) লক্ষ্ টাকা প্রতিস্থাপন করা হয়েছে। | ১. স্বর্ণমূল্য স্বততঃ পরিবর্তনশীল হওয়ায় ক্রয় প্রক্রিয়ায় জটিলতা তৈরী হয়। বিধায় ক্রেস্ট হতে ১০ গ্রাম ওজনের স্বর্ণপদক বাদ দেয়া যেতে পারে।<br>২. ১০ গ্রাম স্বর্ণ পদকের খরচ বাদ যাওয়ায় পুরস্কাররের অর্থমূল্য ১ (এক) লক্ষ টাকা বৃদ্ধি করে সাকুল্যে ২ (দুই) লক্ষ টাকা করা যেতে পারে। |
| **৫. জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান** | ১. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।<br>২. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান পরিচালনা করবেন।<br>৩. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও | | | | |

| বিষয়/অনুচ্ছেদ | বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ | সংশোধিত | বাদ | অন্তর্ভুক্তি | যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|
| | সমবায় মন্ত্রণালয় জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজনের যাবতীয় দায়িত্ব পালন করবে।<br>৪. জাতীয় সমবায় দিবস কিংবা অন্য কোন সুবিধাজনক সময়ে এ পুরস্কার প্রদান করা হবে। | | | | |
| **৬. আবেদন প্রক্রিয়া ও বাছাই পদ্ধতি** | **৬.১ আবেদন প্রক্রিয়া**<br>১. জাতীয় সমবায় পুরস্কার প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করা হবে।<br>২. আবেদন ফরম প্রাপ্তিস্থান: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট, বিভাগ, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টাল, জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েবসাইট/ওয়েব পোর্টালে পাওয়া যাবে।<br>৩. আবেদন ফরম জমা: যোগ্যতা সম্পন্ন সমবায়ী এবং সমবায় সমিতি নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে জমা দিতে হবে। | | | | |
| | **৬.২ বাছাই পদ্ধতির ধাপসমূহ**<br>১. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটির নিকট যথাসময়ে সমবায় অধিদপ্তর মূল্যায়ন ছক প্রেরণ করবে।<br>২. উপজেলা কমিটি উপজেলা পর্যায়ের প্রতিটি শ্রেণি/ক্যাটাগরি থেকে শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ীর নাম জেলা পর্যায়ের কমিটি বরাবরে প্রেরণ করবে।<br>৩. পুরস্কারের জন্য মনোনীত সমবায় সমিতি এবং সমবায়ীর তথ্য উপজেলা কমিটি থেকে প্রাপ্তির **১৫ দিনের মধ্যে** জেলা কমিটি স্ব-স্ব জেলা থেকে প্রত্যেক শ্রেণি হতে সমবায় সমিতি এবং সমবায়ী নির্বাচন করে সুপারিশসহ বিভাগীয় কমিটি বরাবরে প্রেরণ করবে।<br>৪. বিভাগীয় কমিটি জেলা কমিটি থেকে মনোনয়ন প্রাপ্তির **১৫ দিনের মধ্যে** বিভাগীয় পর্যায়ের শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ীর মনোনয়ন চূড়ান্ত করে নির্দিষ্ট ছকে জাতীয় নির্বাচনী কমিটিতে প্রেরণ করবে।<br>৫. প্রদত্ত নম্বরের ভিত্তিতে শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচন করা হবে। মোট ১০০ নম্বরের বাছাই প্রক্রিয়ায় কমপক্ষে ৬০ নম্বর না পেলে কোন সমবায় সমিতি এবং সমবায়ীকে পুরস্কারের জন্য মনোনীত করা যাবে না। | | | | |

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভূক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr><td></td><td>৬. বিভাগীয় কমিটি বিভাগীয় পর্যায়ে মনোনীত প্রতিটি শ্রেণির শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ীর নাম প্রদত্ত ছক মোতাবেক পৃথক সীটে ৫ (পাঁচ) প্রস্থ জাতীয় কমিটির বিবেচনার জন্য সমবায় অধিদপ্তরের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করবে। একই ছকে একাধিক সমবায় সমিতি এবং সমবায়ীর তথ্য কোনক্রমেই দেয়া যাবে না।<br>৭. বিভাগীয় কমিটি হতে সমবায় সমিতি এবং সমবায়ী মনোনয়ন প্রাপ্তির পর জাতীয় কমিটি জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ী চূড়ান্তভাবে নির্বাচন করবে।<br>৮. জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীকে তিন বছর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত পুনরায় পুরস্কারের জন্য মনোনীত করা যাবে না।<br>৯. জাতীয় কমিটি বিশেষ বিবেচনায় অধিকতর তথ্য ও অনুসন্ধানের ভিত্তিতে বিভাগীয় কমিটি হতে প্রাপ্ত মনোনয়ন সংশোধনপূর্বক উপযুক্ত সমবায় সমিতি এবং সমবায়ীকে যে কোন ক্ষেত্রে পুরস্কারের জন্য চূড়ান্তভাবে মনোনীত করতে পারবে।</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৭. বিভিন্ন পর্যায়ে নির্বাচন কমিটি গঠন</td><td>৭.১ উপজেলা বাছাই কমিটি
<table>
<tr><td>১.</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২.</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>উপজেলা প্রকৌশলী, এলজিইডি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬.</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৮.</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৯.</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>১০.</td><td>সভাপতি, ইউ.সি.সি.এ.লিঃ</td><td>সদস্য</td></tr>
<tr><td>১১.</td><td>সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সমবায়ী</td><td>সদস্য</td></tr>
<tr><td>১২.</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভূক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr><td></td><td>
৭.২ জেলা বাছাই কমিটি (পার্বত্য জেলা ব্যতীত)
<table>
<tr><td>১.</td><td>জেলা প্রশাসক</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২.</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>জেলা মৎস্য কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬.</td><td>উপপরিচালক, সমাজসেবা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td>জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৮.</td><td>উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৯.</td><td>উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড</td><td>সদস্য</td></tr>
<tr><td>১০.</td><td>সভাপতি, জেলা সমবায় ইউনিয়ন</td><td>সদস্য</td></tr>
<tr><td>১১.</td><td>সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সমবায়ী</td><td>সদস্য</td></tr>
<tr><td>১২.</td><td>জেলা সমবায় অফিসার</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
তবে শর্ত থাকে যে, তিনটি পার্বত্য জেলার জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১৫/০৯/২০১১ তারিখে জারীকৃত<br>
(৬২৫ নং পরিপত্র) বিধান মোতাবেক গঠিত জেলা কমিটি কার্যকর হবে।<br>
৭.৩ বিভাগীয় বাছাই কমিটি
<table>
<tr><td>১.</td><td>বিভাগীয় কমিশনার</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২.</td><td>জেলা প্রশাসক (সকল) (সংশ্লিষ্ট বিভাগ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি (বিভাগীয় দপ্তর)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>পরিচালক, বিভাগীয় মৎস্য অধিদপ্তর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬.</td><td>উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td>পরিচালক, সমাজসেবা</td><td>সদস্য</td></tr>
</table>
</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভুক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td>৮.</td><td>উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৯.</td><td>পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (বিভাগীয় সদর)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১০.</td><td>উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিভাগীয় সদর)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১১.</td><td>সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সমবায়ী</td><td>সদস্য</td></tr>
<tr><td>১২.</td><td>যুগ্মনিবন্ধক (সংশ্লিষ্ট বিভাগ)</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
৭.৪ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাছাই কমিটি
<table>
<tr><td>১.</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২.</td><td>যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>অতিরিক্ত নিবন্ধক (ইপিপি)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬.</td><td>যুগ্মনিবন্ধক (ইপিপি)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td>উপনিবন্ধক (পিপি)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৮.</td><td>উপসচিব (প্রশাসন অধিশাখা-২)</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
৭.৫ জাতীয় কমিটি
<table>
<tr><td>১.</td><td>মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২.</td><td>সিনিয়র সচিব/সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ</td><td>সদস্য</td></tr>
</table>
</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভূক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td>৬.</td><td>অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td>প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৮.</td><td>প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৯.</td><td>প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১০.</td><td>প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১১.</td><td>প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১২.</td><td>প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৩.</td><td>প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৪.</td><td>প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৫.</td><td>প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৬.</td><td>প্রতিনিধি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৭.</td><td>সভাপতি, বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়ন</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৮.</td><td>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে মনোনীত জাতীয় সমবায় পুরস্কারপ্রাপ্ত দু’জন বিশিষ্ট সমবায়ী (দুই বৎসরের জন্য মনোনীত)</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৯.</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভুক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr>
<td>৮. শ্রেষ্ঠ সমবায় সমিতি নির্বাচন সংক্রান্ত মূল্যায়ন সূচক</td>
<td>বিদ্যমান সূচক সংখ্যা: ৩৬<br>সূচক ভিত্তিক নম্বর বন্টন ভিন্ন
<table>
<tr><td>৮.১</td><td>অর্থনৈতিক অবস্থা</td><td>মোট নম্বর (১৫×৩)=৪৫</td></tr>
<tr><td>(ক)</td><td>নিজস্ব মূলধন (টাকায়)</td><td>মোট = (৩×৩)=৯</td></tr>
<tr><td>১.</td><td>পরিশোধিত শেয়ারের সংখ্যা ও শেয়ার মূলধন</td><td>৩</td></tr>
<tr><td>২.</td><td>পুঞ্জীভূত সংরক্ষিত তহবিল ও কু-ঋণ তহবিল</td><td>৩</td></tr>
<tr><td>৩.</td><td>মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল</td><td>৩</td></tr>
<tr><td>(খ)</td><td>কার্যকরী মূলধন (টাকায়)</td><td>মোট = (৪×৩)=১২</td></tr>
<tr><td>১.</td><td>নিজস্ব মূলধন</td><td>৩</td></tr>
<tr><td>২.</td><td>সঞ্চয় আমানত</td><td>৩</td></tr>
<tr><td>৩.</td><td>গৃহীত ঋণ (টাকায়)</td><td>৩</td></tr>
<tr><td>৪.</td><td>অনুদান (যদি থাকে) (টাকায়)</td><td>৩</td></tr>
<tr><td>(গ)</td><td>সম্পদ/সম্পত্তির পরিমাণ (টাকায়)</td><td>মোট = ২×৩)=৬</td></tr>
<tr><td>১.</td><td>স্থাবর</td><td>৩</td></tr>
<tr><td>২.</td><td>অস্থাবর</td><td>৩</td></tr>
<tr><td>(ঘ)</td><td>বিনিয়োগ (টাকায়)</td><td>মোট = (৩×৩)=৯</td></tr>
<tr><td>১.</td><td>সদস্যদের মধ্যে ঋণ বিতরণের পরিমাণ (৩ বছর)</td><td>৩</td></tr>
<tr><td>২.</td><td>সদস্যদের মধ্যে বিতরণকৃত ঋণ আদায়ের পরিমাণ (৩ বছর)</td><td>৩</td></tr>
<tr><td>৩.</td><td>অন্যান্য বিনিয়োগ (৩ বছর)</td><td>৩</td></tr>
<tr><td>(ঙ)</td><td>বিগত এক বছরে</td><td>(৩×৩)=৯</td></tr>
<tr><td>১.</td><td>আয়, ব্যয় ও নিট মুনাফা (টাকায়)</td><td>৩</td></tr>
<tr><td>২.</td><td>ও শতকরা হার</td><td>৩</td></tr>
<tr><td>৩.</td><td>অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল</td><td>৩</td></tr>
</table>
</td>
<td>প্রস্তাবিত সূচক সংখ্যা: ২৫<br>সূচকভিত্তিক নম্বর সমান
<table>
<tr><td>৮.১</td><td>অর্থনৈতিক অবস্থা</td><td>মোট নম্বর (১২×৪)=৪৮</td></tr>
<tr><td>ক.</td><td>পরিশোধিত শেয়ার মূলধন</td><td>৪</td></tr>
<tr><td>খ.</td><td>সংরক্ষিত তহবিল</td><td>৪</td></tr>
<tr><td>গ.</td><td>মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল</td><td>৪</td></tr>
<tr><td>ঘ.</td><td>সঞ্চয় আমানত</td><td>৪</td></tr>
<tr><td>ঙ.</td><td>স্থাবর সম্পত্তির পরিমাণ</td><td>৪</td></tr>
<tr><td>চ.</td><td>অস্থাবর সম্পত্তির পরিমাণ</td><td>৪</td></tr>
<tr><td>ছ.</td><td>সদস্যদের মধ্যে ঋণ বিতরণের পরিমাণ (৩ বছর)</td><td>৪</td></tr>
<tr><td>জ.</td><td>সদস্যদের মধ্যে বিতরণকৃত ঋণ আদায়ের পরিমাণ (৩ বছর)</td><td>৪</td></tr>
<tr><td>ঝ.</td><td>অন্যান্য বিনিয়োগ (৩ বছর)</td><td>৪</td></tr>
<tr><td>ঞ.</td><td>নিট মুনাফা (টাকায়)</td><td>৪</td></tr>
<tr><td>ট.</td><td>সদস্যদের মধ্যে লভ্যাংশ বন্টনের পরিমাণ (টাকায়)</td><td>৪</td></tr>
<tr><td>ঠ.</td><td>অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল প্রদানের পরিমাণ (টাকায়)</td><td>৪</td></tr>
</table>
</td>
<td>সাব-হেড: মূল্যায়ন সিট সরলীকরণের সুবিধার্থে সকল সাব-হেড বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে।<br><br>৮.১ (ক)(১)<br>শেয়ারের সংখ্যা অংশ বাদ দেয়া হয়েছে।<br><br>৮.১(ক) (২)<br>পুঞ্জিভূত ও কু-ঋণ তহবিল বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে।<br><br>৮.১ (খ)<br>৩. গৃহীত ঋণ (টাকায়)<br>৪. অনুদান (যদি থাকে) (টাকায়) বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে।<br><br>৮.১ (ঙ) বিগত এক বছরে<br><br>৮.১ (ঙ) (১) ‘আয়, ব্যয়’ ও (২) ‘ও শতকরা হার’ এ অংশটুকু বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে।</td>
<td>৮.১ (ঙ) নিট মুনাফা ও দায় পরিশোধ (টাকায়)</td>
<td>১. শেয়ার সংখ্যার চেয়ে পরিশোধিত শেয়ার মূলধন অধিক গুরুত্বপূর্ণ বিবেচ্য। বিধায় শেয়ার সংখ্যা অংশ বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে। এছাড়া একই সূচক ও মানের বিপরীতে ২টি বিষয় জড়িত থাকলে মূল্যায়নে জটিলতা সৃষ্টি হয়।<br><br>২. ‘পুঞ্জিভূত’ শব্দটি সংরক্ষিত তহবিলের সাথে অপ্রয়োজনীয়। কেননা সংরক্ষিত তহবিল বাস্তবিকভাবেই পুঞ্জিভূত হয়ে থাকে। ‘পুঞ্জিভূত’ শব্দটি বাহুল্য বিবেচনায় তা বাদ দেয়া যেতে পারে।<br><br>৩. সংরক্ষিত তহবিল ব্যতিত মুনাফা হতে সৃষ্ট অবশিষ্ট সকল তহবিলের মধ্যে ‘কু-ঋণ তহবিলও’ রয়েছে। ‘কু-ঋণ তহবিল’ আলাদাভাবে উল্লেখযোগ্য নয়। সেক্ষেত্রে সংরক্ষিত তহবিল ব্যতীত অন্যান্য তহবিলের সমন্বয়ে একটি সূচক করা হলে তা অধিক যৌক্তিক এবং মূল্যায়নও সহজতর হবে।<br><br>৪. নিজস্ব মূলধন সূচকটি মূলতঃ প্রথম তিনটি সূচকের (পরিশোধিত শেয়ার মূলধন, সংরক্ষিত তহবিল ও মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল) যোগফল বিধায় পুনরাবৃত্তি এড়াতে এ সূচকটি বাদ দেয়া যেতে পারে।<br><br>৫. গৃহীত ঋণ ও অনুদান সূচক মূল্যায়নে অস্পষ্টতা রয়েছে। এ দু’টি সূচক সমবায় সমিতির ‘আর্থিক সক্ষমতা’ না কি</td>
</tr>
</table>

| বিষয়/অনুচ্ছেদ | বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ | সংশোধিত | বাদ | অন্তর্ভূক্তি | যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|
| | প্রদানের পরিমাণ (টাকায়) | | | | **‘আর্থিক** নির্ভরশীলতা’ সূচক **সে বিষয়ে** মাঠপর্যায়ে বিভ্রান্তি তৈরী হয়। যারা বাহিরের উৎস হতে ঋণ ও অনুদান গ্রহণ করে এবং যারা ঋণ ও অনুদান গ্রহণ না করে নিজস্ব অর্থায়নে পরিচালিত হয় তাদের একই মাপকাঠিতে মূল্যায়ন জটিলতা তৈরী করে। এছাড়া সমবায় সমিতির ঋণ ও অনুদান গ্রহণ অপরিহার্য নয়। বিধায় **গৃহীত ঋণ ও অনুদান** সূচক বাদ দেয়া যেতে পারে।<br><br>৬. শিরোনাম পরিবর্তন: ৮.১ (ঙ) এর শিরোনাম ছিল **‘বিগত এক বছরে’** যা পূর্বের (ক, খ, গ ও ঘ) আর্থিক শিরোনামের ধারাবাহিকতায় সামঞ্জস্যপূর্ণ নয়। বিধায় ‘নিট **মুনাফা ও দায় পরিশোধ (টাকায়)’** প্রতিস্থাপন করা যেতে পারে।<br><br>৭. ৮.১ (ঙ) (১) (২) সূচকে বাহুল্য বর্জন করা যেতে পারে। নিট মুনাফা রেখে এর সাথে যুক্ত **‘আয় ও ব্যয়’** বাদ দেয়া যেতে পারে। এছাড়া লভ্যংশ বন্টন অংশ রেখে **‘ও শতকরা হার’** বাদ দেয়া যেতে পারে। একই সূচক ও মানের বিচারে উক্ত অংশসমূহ বাহুল্য হিসেবে বিবেচিত। |

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভুক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>৮.২</td><td>প্রচলিত আইন ও বিধি প্রতিপালন</td><td>মোট নম্বর (১০×৩)=৩০</td></tr>
<tr><td>(ক)</td><td>সর্বশেষ নির্বাচন (প্রমাণক-ফলাফলের কাগজপত্র)</td><td>৩</td></tr>
<tr><td>(খ)</td><td>বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ ও উপস্থিতি (প্রমাণক- হাজিরা তলিকাসহ কার্যবিবরণী)</td><td>৩</td></tr>
<tr><td>(গ)</td><td>বিগত তিনটি ব্যবস্থাপনা কমিটির মেয়াদকাল ও বিবেচ্য বছরে ব্যবস্থাপনা কমিটির অনুষ্ঠিত সভার সংখ্যা</td><td>৩</td></tr>
<tr><td>(ঘ)</td><td>বিবেচ্য বছরের বাজেট অনুমোদনের তারিখ (প্রমাণকসহ)</td><td>৩</td></tr>
<tr><td>(ঙ)</td><td>বিবেচ্য বছরের অডিট সম্পাদনের তারিখ (প্রমাণকসহ)</td><td>৩</td></tr>
<tr><td>(চ)</td><td>অডিট আপত্তি সংশোধনীর প্রতিবেদন দাখিলের তারিখ (প্রমাণকসহ)</td><td>৩</td></tr>
<tr><td>(ছ)</td><td>বিবেচ্য অর্থবছরে বিনিয়োগের পরিমাণ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা?</td><td>৩</td></tr>
<tr><td>(জ)</td><td>সমিতির বিরুদ্ধে মামলা আছে কিনা? থাকলে বর্তমান অবস্থা?</td><td>৩</td></tr>
<tr><td>(ঝ)</td><td>সমিতির বিরুদ্ধে বিগত ২ বা ৩ বছরের মধ্যে তদন্তের প্রয়োজন হয়েছে কিনা? হয়ে থাকলে তার ফলাফল।</td><td>৩</td></tr>
<tr><td>(ঞ)</td><td>পরিশোধিত শেয়ারের ফেস ভ্যালু নির্ধারণ করা হয়েছে কিনা? (প্রমাণকসহ)</td><td>৩</td></tr>
</table>
</td>
<td>
<table>
<tr><td>৮.২</td><td>প্রচলিত আইন ও বিধি প্রতিপালন</td><td>মোট নম্বর (৭×৪)=২৮</td></tr>
<tr><td>(ক)</td><td>সর্বশেষ নির্বাচন (প্রমাণক-ফলাফলের কাগজপত্র)</td><td>৪</td></tr>
<tr><td>(খ)</td><td>বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ ও উপস্থিতি (প্রমাণক- হাজিরা তলিকাসহ কার্যবিবরণী)</td><td>৪</td></tr>
<tr><td>(গ)</td><td>বিবেচ্য বছরে ব্যবস্থাপনা কমিটির অনুষ্ঠিত সভার সংখ্যা</td><td>৪</td></tr>
<tr><td>(ঘ)</td><td>বিবেচ্য বছরের বাজেট অনুমোদনের তারিখ (প্রমাণকসহ)</td><td>৪</td></tr>
<tr><td>(ঙ)</td><td>সম্পাদিত অডিটের আলোকে অডিট আপত্তি সংশোধনীর প্রতিবেদন দাখিলের তারিখ (প্রমাণকসহ)</td><td>৪</td></tr>
<tr><td>(চ)</td><td>বার্ষিক হিসাব বিবরণী দাখিল করা হয়েছে কিনা?</td><td>৪</td></tr>
<tr><td>(ছ)</td><td>পরিশোধিত শেয়ারের বাজার মূল্য নির্ধারণ করা হয়েছে কিনা? (প্রমাণকসহ)</td><td>৪</td></tr>
</table>
</td>
<td>৮.২ (গ) `বিগত তিনটি ব্যবস্থাপনা কমিটির মেয়াদকাল ও' অংশটুকু বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে।<br><br>৮.২ (জ) 'সমিতির বিরুদ্ধে মামলা আছে কিনা? থাকলে বর্তমান অবস্থা?' বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে।<br>৮.২ (ঝ) সমিতির বিরুদ্ধে বিগত '২ বা' অংশটুকু বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে।</td>
<td>৮.২ (জ) এর বিদ্যমান সূচকের (সমিতির বিরুদ্ধে মামলা আছে কিনা? থাকলে বর্তমান অবস্থা?) স্থলে 'বার্ষিক হিসাব বিবরণী দাখিল করা হয়েছে কিনা?' – সূচকটি প্রতিস্থাপন করার প্রস্তাব করা হয়েছে।<br><br>৮.২ (ঞ) 'ফেস ভ্যালুর' স্থলে 'বাজার মূল্য' প্রতিস্থাপনের প্রস্তাব করা হয়েছে।</td>
<td>১. বিগত তিনটি ব্যবস্থাপনা কমিটির মেয়াদকাল সমবায় সমিতির কার্যক্রম মূল্যায়নে উল্লেখযোগ্য/ গুরুত্বপূর্ণ সূচক নয়। এছাড়া একই সূচকে দুই ধরণের এককে (মেয়াদকাল ও সংখ্যা) তথ্য যাচাই ও মূল্যায়নে জটিলতা তৈরী করে বিধায় মেয়াদকাল সংক্রান্ত বিষয় বাদ দেয়া যেতে পারে।<br>২. এ অংশের শিরোনাম 'প্রচলিত আইন ও বিধি প্রতিপালন'। সমবায় সমিতিরি আর্থিক ব্যবস্থার স্বচ্ছতা ও জবাবদিহীতা উন্নয়নে বিধি মোতাবেক প্রতি অর্থ বছরে জুলাই মাসের ৩১ তারিখের মধ্যে হিসাব বিবরণী লিপিবদ্ধ করা ও দাখিল করা একটি আবশ্যকীয় কাজ বিবেচনায় এ বিষয়টি অন্তর্ভুক্ত করা যেতে পারে। এছাড়া পুরস্কারের জন্য মাঠ পর্যায়ে প্রস্তাবিত সমবায় সমিতিসমূহের বিরুদ্ধে মামলা দায়েরের ঘটনা বিরল বিধায় এ সংক্রান্ত সূচকটি বাদ দেয়া যেতে পারে।<br>৩. সময়কাল নির্দিষ্ট করে দেয়াই শ্রেয়। '২ বা ৩ বছরের' পরিবর্তে '৩ বছর' করা যেতে পারে।<br>৪. 'ফেস ভ্যালু' সমবায় সমিতির শেয়ারের ভিত্তিমূল্য, যা নিবন্ধনের সময় নির্ধারিত হয়। তবে সময়ের সাথে সমবায় সমিতির আর্থিক অবস্থার পরিবর্তনের ফলে শেয়ারের এই ভিত্তিমূল্য পরিবর্তিত হতে পারে, যা তখন 'বাজার মূল্য' নামে পরিচিত হয়। বিধায় ৮.২.(ঞ) সূচকে 'ফেস ভ্যালু নির্ধারণ' এর পরিবর্তে 'বাজার মূল্য নির্ধারণ' প্রতিস্থাপন করা যেতে পারে।</td>
</tr>
</table>

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভুক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr>
<td></td>
<td><table>
<tr><td>৮.৩</td><td>সমবায় সমিতি কর্তৃক গৃহীত উন্নয়ন কার্যক্রম</td><td>মোট নম্বর (৩×৩)=৯</td></tr>
<tr><td>(ক)</td><td>উন্নয়নমূলক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ</td><td>৩</td></tr>
<tr><td>(খ)</td><td>বাণিজ্যিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ</td><td>৩</td></tr>
<tr><td>(গ)</td><td>আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারের সংক্ষিপ্ত বিবরণ</td><td>৩</td></tr>
</table></td>
<td><table>
<tr><td>৮.৩</td><td>সমবায় সমিতি কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম</td><td>মোট নম্বর (৪×৩)=১২</td></tr>
<tr><td>(ক)</td><td>সমবায় আন্দোলনে (উদ্বুদ্ধকরণ সভা, সেমিনার ও র‌্যালী, পুরস্কার প্রদান, প্রচার ও প্রকাশনা) অবদান (প্রমাণক: কার্যভিত্তিক বিনিয়োগের পরিমাণ)</td><td>৪</td></tr>
<tr><td>(খ)</td><td>সামাজিক কার্যক্রম (প্রমাণক: কার্যভিত্তিক বিনিয়োগের পরিমাণ)</td><td>৪</td></tr>
<tr><td>(গ)</td><td>সমবায় ওয়েব পোর্টাল (portal.coop.gov.bd) হালনাগাদকরণ</td><td>৪</td></tr>
</table></td>
<td>৮.৩ ‘সমবায় সমিতি কর্তৃক গৃহীত উন্নয়ন কার্যক্রম’ শিরোনাম হতে ‘উন্নয়ন’ শব্দটির পরিবর্তে ‘অন্যান্য’ প্রতিস্থাপন করা হয়েছে।<br><br>৮.৩.(ক) ‘উন্নয়নমূলক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ’ বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে।<br><br>৮.৩(গ) ‘আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারের সংক্ষিপ্ত বিবরণ’ বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে।</td>
<td>৮.৩ (ক) ‘সমবায় আন্দোলনে (উদ্বুদ্ধকরণ সভা, সেমিনার ও র‌্যালী, পুরস্কার প্রদান, প্রচার ও প্রকাশনা) অবদান (প্রমাণক: কার্যভিত্তিক বিনিয়োগের পরিমাণ)’ অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়েছে।<br><br>৮.৩ (খ) ‘বাণিজ্যিক’ এর স্থলে ‘সামাজিক’ প্রতিস্থাপন করা যেতে<br><br>৮.৩ (গ) আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারের সংক্ষিপ্ত বিবরণ এর পরিবর্তে ‘সমবায় ওয়েব পোর্টাল (portal.coop.gov.bd) হালনাগাদকরণ’ করার প্রস্তাব করা হয়েছে।</td>
<td>১. শিরোনামের সাথে সূচকের সামঞ্জস্য বিধানে ‘সমবায় সমিতি কর্তৃক গৃহীত উন্নয়ন কার্যক্রম’ শিরোনাম পরিবর্তন করে ‘সমবায় সমিতি কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম’ নামে প্রতিস্থাপন করা যেতে পারে।<br><br>২. ৮.৩ (ক) এ পূর্বে বর্ণিত ‘উন্নয়নমূলক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণে’ রচনামূলক নানাবিধ বর্ণনা প্রদান করা হয়, যা পরিমাপযোগ্য নয় বিধায় এটি সুনির্দিষ্টকরণ ও সমবায় নীতিমালার আলোকে গুরুত্বপূর্ণ বিবেচনায় সূচকটির বিষয়বস্তু পরিবর্তন করে ‘সমবায় আন্দোলনে অবদান’ সংক্রান্ত সূচক অন্তর্ভুক্ত করা যেতে পারে।<br><br>৩. (৮.১) অংশে বিনিয়োগ সংক্রান্ত সূচক অন্তর্ভুক্ত রয়েছে যা মূলত: বানিজ্যিক কার্যক্রম হিসেবে বিবেচিত হয়। বিধায় ৮.৩ (খ) অংশে ‘বাণিজ্যিক’ শব্দটির পরিবর্তে ‘সামাজিক’ শব্দটি অন্তর্ভূক্ত করে সমবায় সমিতির সামাজিক দায়বদ্ধতার বিষয়টি অন্তর্ভুক্ত করা যেতে পারে।<br><br>৪. সমবায় অধিদপ্তর ইতোমধ্যে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্মে প্রবেশের মাধ্যমে ডিজিটাল ব্যবস্থাপনার যুগে প্রবেশ করেছে। উক্ত প্লাটফর্মে সকল সমবায় সমিতির আর্থিক ও ব্যবস্থাপনার তথ্যাদি অন্তর্ভুক্তির মাধ্যমে ব্যবস্থাপনা ডিজিটাইজেশন করা হয়েছে। যার প্রমান প্রতিটি সমবায় সমিতির ওয়েবসাইটে পাওয়া যায়। এটির অপরিসীম গুরুত্ব বিবেচনায় সূচকটি (৮.৩.গ) প্রতিস্থাপন করা যেতে পারে।</td>
</tr>
</table>

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভুক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><th>৮.৪</th><th>সমিতির প্রাতিষ্ঠানিকীকরণ</th><th>মোট নম্বর (৪×২)=৮</th></tr>
<tr><td>(ক)</td><td>সমিতির কার্যালয় আছে কিনা?থাকলে সংক্ষিপ্ত বিবরণ</td><td>২</td></tr>
<tr><td>(খ)</td><td>অনুমোদিত চাকরি বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা</td><td>২</td></tr>
<tr><td>(গ)</td><td>সমিতি কর্তৃক পরোক্ষ কর্মসংস্থানের সংখ্যা বিবরণসহ</td><td>২</td></tr>
<tr><td>(ঘ)</td><td>কর্মসংস্থানের ধরণ ও প্রকৃতি (পদবী ও বেতনসহ)</td><td>২</td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
</table>
</td><td>
<table>
<tr><th>৮.৪</th><th>সমিতির প্রাতিষ্ঠানিকীকরণ</th><th>মোট নম্বর (৪×৩)= ১২</th></tr>
<tr><td>(ক)</td><td>সমিতির কার্যালয় আছে কিনা? থাকলে সংক্ষিপ্ত বিবরণ</td><td>৪</td></tr>
<tr><td>(খ)</td><td>অনুমোদিত চাকরি বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা</td><td>৪</td></tr>
<tr><td>(গ)</td><td>সমিতি কর্তৃক পরোক্ষ কর্মসংস্থানের সংখ্যা বিবরণসহ</td><td>৪</td></tr>
</table>
</td><td>৮.৪ (ঘ) এর প্রস্তাবটি বাদ দেয়া হয়েছে।</td><td></td><td>১.সূচক নং ৮.৪.(ঘ) এ বর্ণিত কর্মসংস্থানের ধরণ ও প্রকৃতি অর্থাৎ বিবরণ পূর্বের সূচকেই অন্তর্ভুক্ত রয়েছে বিধায় ৮.৪.(ঘ) বাদ দেয়া যেতে পারে। পারে।</td></tr>
<tr><td></td><td>
<table>
<tr><th>৮.৫</th><th>অন্যান্য কার্যক্রম</th><th>মোট নম্বর (৪×২)=৮</th></tr>
<tr><td>(ক)</td><td>সমবায় আন্দোলনকে বেগবান করার জন্য সমিতি কর্তৃক গৃহীত কার্যক্রমের বিবরণ</td><td>২</td></tr>
<tr><td>(খ)</td><td>সমিতিতে ইতঃপূর্বে সৃষ্ট কোনো চ্যালেঞ্জ মোকাবেলা করে থাকলে তার সংক্ষিপ্ত বিবরণ</td><td>২</td></tr>
<tr><td>(গ)</td><td>প্রচার/প্রকাশনার সংখ্যা ও সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণকসহ)</td><td>২</td></tr>
<tr><td>(ঘ)</td><td>স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সমিতির কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ</td><td>২</td></tr>
</table>
</td><td></td><td>৮.৫ অন্যান্য কার্যক্রমের সকল প্রস্তাব বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে।</td><td></td><td>১. এ অংশে বিদ্যমান ০৪টি সূচকই সংশোধিত প্রস্তাবের বিভিন্ন সূচকে অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া পুনরাবৃত্তি রোধ, মূল্যায়ন প্রক্রিয়া সহজ ও যুগোপযোগী করার স্বার্থে এ অংশে বিদ্যমান সূচক ০৪টি বাদ দেয়া যেতে পারে।<br><br>জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ আরও তথ্যভিত্তিক, সুনির্দিষ্ট ও সময়োপযোগী করার লক্ষ্যে বিদ্যমান ৩৬টি সূচকের মধ্য হতে ১১টি সুচক হ্রাস করে সাকুল্যে ২৫টি সূচকের প্রস্তাব করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভূক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr>
<td>৯. শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচন সংক্রান্ত মূল্যায়ন সূচক</td>
<td>বিদ্যমান সূচক সংখ্যা: ২২<br>সূচক ভিত্তিক নম্বর বন্টন ভিন্ন
<table>
<tr><td>৯.১</td><td>অর্থনৈতিক অবস্থা</td><td>মোট নম্বর (৫×৭)=৩৫</td></tr>
<tr><td>(ক)</td><td>সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ (প্রমাণকসহ)</td><td>৭</td></tr>
<tr><td>(খ)</td><td>ব্যক্তিগত শেয়ার ও সঞ্চয় আমানতের পরিমাণ (টাকায়)</td><td>৭</td></tr>
<tr><td>(গ)</td><td>ব্যক্তিগত ঋণগ্রহণ ও পরিশোধের পরিমাণ (টাকায়)</td><td>৭</td></tr>
<tr><td>(ঘ)</td><td>সমিতির পুঁজি গঠন ও সম্পদ বৃদ্ধিতে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে)</td><td>৭</td></tr>
<tr><td>(ঙ)</td><td>সমিতির হিসাব সংরক্ষণে দক্ষতা ও সমিতির আর্থিক অব্যবস্থাপনা নিষ্পত্তি করার দক্ষতা</td><td>৭</td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
</table>
</td>
<td>প্রস্তাবিত সূচক সংখ্যা: ২০<br>সূচকভিত্তিক নম্বর সমান
<table>
<tr><td>৯.১</td><td>অর্থনৈতিক অবস্থা</td><td>মোট নম্বর (৫×৫)=২৫</td></tr>
<tr><td>(ক)</td><td>সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ (প্রমাণকসহ)</td><td>৫</td></tr>
<tr><td>(খ)</td><td>ব্যক্তিগত শেয়ারের মূল্য (টাকায়)</td><td>৫</td></tr>
<tr><td>(গ)</td><td>ব্যক্তিগত সঞ্চয় আমানতের পরিমাণ (টাকায়)</td><td>৫</td></tr>
<tr><td>(ঘ)</td><td>ব্যক্তিগত ঋণগ্রহণ ও পরিশোধের হার (টাকায়)</td><td>৫</td></tr>
<tr><td>(ঙ)</td><td>সমিতির হিসাব সংরক্ষণে দক্ষতা ও সমিতির আর্থিক অব্যবস্থাপনা নিষ্পত্তি করার দক্ষতা</td><td>৫</td></tr>
</table>
</td>
<td>৯.১ (ঘ) সমিতির পুঁজি গঠন ও সম্পদ বৃদ্ধিতে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে) বাদ দেয়া হয়েছে।</td>
<td>‘৯.১ (খ): ব্যক্তিগত শেয়ার ও সঞ্চয় আমানতের পরিমান (টাকায়)’ সূচকটির পরিবর্তে দু’ইটি পৃথক সূচক অন্তর্ভূক্ত করা হয়েছে। যা নিম্নরূপ:<br>(খ) ব্যক্তিগত শেয়ারের মূল্য (টাকায়)<br>(গ) ব্যক্তিগত সঞ্চয় আমানতের পরিমাণ (টাকায়)</td>
<td>১. সমিতির পুঁজি গঠন ও সম্পদ বৃদ্ধিতে একক ব্যক্তির অবদান উল্লেখ করা এবং উল্লিখিত অবদানের যথার্থতা মূল্যায়ন করা দুঃসাধ্য বিষয়। বিভ্রান্তি এড়াতে ৯.১ (ঘ) সূচকটি বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে। মাঠ পর্যায় হতেও এ প্রস্তাবনা পাওয়া গিয়েছে।<br><br>২. নম্বর বন্টনের সুবিধার্থে এবং সমবায় সমিতির আর্থিক কার্যক্রমে অংশগ্রহণে শেয়ার ও সঞ্চয় আমানতের গুরুত্ব বিবেচনায় বিদ্যমান ৯.১ (খ) নং সূচকটি দু’ভাগে ভাগ করা হয়েছে, যা পূর্ববর্তী কলামে প্রদর্শিত হয়েছে।<br><br>৩. পরিবর্তন প্রস্তাবে সূচক সংখ্যা ও বরাদ্দকৃত নম্বর অপরিবর্তিত রাখা হয়েছে।</td>
</tr>
</table>

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভূক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>৯.২</td><td>প্রচলিত আইন ও বিধি প্রতিপালন</td><td>মোট নম্বর (৪×৫)=২০</td></tr>
<tr><td>(ক)</td><td>ব্যবস্থাপনা কমিটি ও বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের সংখ্যা (প্রমাণক-হাজিরা তালিকা) এবং বিগত বার্ষিক সাধারণ সভার সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়ন</td><td>৫</td></tr>
<tr><td>(খ)</td><td>সমিতির বিভিন্ন কমিটি/উপকমিটিতে দায়িত্ব পালনের সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণক-হাজিরা তালিকা)</td><td>৫</td></tr>
<tr><td>(গ)</td><td>সমিতি সংক্রান্ত কোনো বিষয়ে তাঁর বিরুদ্ধে তদন্তে শাস্তি হয়েছে কিনা? যদি থাকে তার সংক্ষিপ্ত বিবরণ। এছাড়াও তাঁর বিরুদ্ধে অডিট আপত্তিতে অর্থ তছরুপের কোনো বিষয় উল্লেখ আছে কিনা?</td><td>৫</td></tr>
<tr><td>(ঘ)</td><td>তাঁর বিরুদ্ধে দেশের প্রচলিত আইনে বিগত ২ বা ৩ বছরে কোনো মামলা চলমান আছে কিনা? যদি থাকে তবে উক্ত মামলায় শাস্তি হয়েছে কিনা?</td><td>৫</td></tr>
</table>
</td>
<td>
<table>
<tr><td>৯.২</td><td>প্রচলিত আইন ও বিধি প্রতিপালন</td><td>মোট নম্বর (৫×৫)=২৫</td></tr>
<tr><td>(ক)</td><td>ব্যবস্থাপনা কমিটি ও বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের সংখ্যা (প্রমাণক-হাজিরা তালিকা) এবং বিগত বার্ষিক সাধারণ সভার সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়ন</td><td>৫</td></tr>
<tr><td>(খ)</td><td>সমিতির বিভিন্ন কমিটি/ উপকমিটিতে দায়িত্ব পালনের সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণক-হাজিরা তালিকা)</td><td>৫</td></tr>
<tr><td>(গ)</td><td>সমিতি সংক্রান্ত কোনো বিষয়ে তাঁর বিরুদ্ধে তদন্তে শাস্তি হয়েছে কিনা? যদি থাকে তার সংক্ষিপ্ত বিবরণ।</td><td>৫</td></tr>
<tr><td>(ঘ)</td><td>তাঁর বিরুদ্ধে অডিট আপত্তিতে অর্থ তছরুপের কোনো বিষয় উল্লেখ আছে কিনা?</td><td>৫</td></tr>
<tr><td>(ঙ)</td><td>তাঁর বিরুদ্ধে দেশের প্রচলিত আইনে বিগত ৩ বছরে কোনো মামলা চলমান আছে কিনা? যদি থাকে তবে উক্ত মামলায় শাস্তি হয়েছে কিনা?</td><td>৫</td></tr>
</table>
</td>
<td>৯.২ (ঘ) ক্রমিকের ‘২ বা’ অংশটুকু বাদ যাবে।</td>
<td>‘৯.২ (গ) সমিতি সংক্রান্ত কোনো বিষয়ে তাঁর বিরুদ্ধে তদন্তে শাস্তি হয়েছে কিনা? যদি থাকে তার সংক্ষিপ্ত বিবরণ। এছাড়াও তাঁর বিরুদ্ধে অডিট আপত্তিতে অর্থ তছরুপের কোনো বিষয় উল্লেখ আছে কিনা?’ সূচকটির পরিবর্তে দু’ইটি পৃথক সূচকে অন্তর্ভূক্ত করা হয়েছে। যা নিম্নরূপ:<br><br>৯.২ (গ) সমিতি সংক্রান্ত কোনো বিষয়ে তাঁর বিরুদ্ধে তদন্তে শাস্তি হয়েছে কিনা? যদি থাকে তার সংক্ষিপ্ত বিবরণ।<br><br>৯.২ (ঘ) তাঁর বিরুদ্ধে অডিট আপত্তিতে অর্থ তছরুপের কোনো বিষয় উল্লেখ আছে কিনা?</td>
<td>১. বিদ্যমান ক্রমিক ৯.২ (ঘ) এ বর্ণিত ‘তাঁর বিরুদ্ধে দেশের প্রচলিত আইনে বিগত ২ বা ৩ বছরে কোনো মামলা চলমান আছে কিনা? যদি থাকে তবে উক্ত মামলায় শাস্তি হয়েছে কিনা?’ বিষয়ে সময়কাল নির্দিষ্ট করে দেয়াই শ্রেয়। বিভ্রান্তি এড়াতে ২ বা ৩ বিষয়টি পরিহারপূর্বক একটি সুনির্দিষ্ট সময় নির্ধারণ করা যেতে পারে।<br><br>৩. তদন্তে শাস্তি আরোপ ও তহবিল তছরূপের মত ঘটনার গুরুত্ব বিবেচনায় এ সংক্রান্ত সূচকটি দু’ভাগে ভাগ করা হয়েছে। ফলে মূল্যায়ন আরও যৌক্তিক ও সহজতর হবে।<br><br>৪. পরিবর্তন প্রস্তাবে বরাদ্দকৃত নম্বর অপরিবর্তিত রাখা হয়েছে।</td>
</tr>
</table>

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভুক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td>৯.৩</td><td>উন্নয়ন কার্যক্রম</td><td>মোট নম্বর (৫×৪)=২০</td></tr>
<tr><td>(ক)</td><td>এ পর্যন্ত সমবায় সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের সংখ্যা ও বিবরণ</td><td>৪</td></tr>
<tr><td>(খ)</td><td>অন্যান্য সদস্যদের প্রশিক্ষণ দেয়ার ক্ষেত্রে ভূমিকা</td><td>৪</td></tr>
<tr><td>(গ)</td><td>ব্যক্তিগত প্রচেষ্টায় সমিতির সদস্য বৃদ্ধিসহ সার্বিক উন্নতির সংক্ষিপ্ত বিবরণ</td><td>৪</td></tr>
<tr><td>(ঘ)</td><td>সমিতির নিজস্ব অর্থায়নে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে)</td><td>৪</td></tr>
<tr><td>(ঙ)</td><td>সমিতির অন্য সমবায়ীদের সমৃদ্ধি অর্জনে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ</td><td>৪</td></tr>
</table>
</td><td>
<table>
<tr><td>৯.৩</td><td>উন্নয়ন কার্যক্রম</td><td>মোট নম্বর (৪×৫)=২০</td></tr>
<tr><td>(ক)</td><td>এ পর্যন্ত সমবায় সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের সংখ্যা ও বিবরণ</td><td>৫</td></tr>
<tr><td>(খ)</td><td>অন্যান্য সদস্যদের প্রশিক্ষণ দেয়ার ক্ষেত্রে ভূমিকা</td><td>৫</td></tr>
<tr><td>(গ)</td><td>ব্যক্তিগত প্রচেষ্টায় সমিতির সদস্য বৃদ্ধিসহ সার্বিক উন্নতির সংক্ষিপ্ত বিবরণ</td><td>৫</td></tr>
<tr><td>(ঘ)</td><td>সমিতির নিজস্ব অর্থায়নে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে)</td><td>৫</td></tr>
</table>
</td><td>৯.৩ (ঙ) সূচক বাদ দেওয়ার প্রস্তাব করা হয়েছে।</td><td></td><td>১. সমিতির অন্য সদস্যগণের সমৃদ্ধি অর্জনে একজন সদস্যের তেমন উল্লেখযোগ্য ভূমিকা থাকার সুযোগ সীমিত। বিধায় ৯.২ (ঙ) সূচক বাদ দেয়া যেতে পারে।<br><br>২. পরিবর্তন প্রস্তাবে সূচক সংখ্যা ০১ টি কমানো হলেও বরাদ্দকৃত মোট নম্বর অপরিবর্তিত রাখা হয়েছে তবে সূচক ভিত্তিক নম্বর ৪ এর স্থলে ৫ প্রস্তাব করা হয়েছে।</td></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td>৯.৪</td><td>কর্মসংস্থান</td><td>মোট নম্বর (৩×৫)=১৫</td></tr>
<tr><td>(ক)</td><td>সমিতিতে কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে তাঁর ভূমিকা-<br>১) প্রত্যক্ষ কর্মসংস্থানের সংক্ষিপ্ত বিবরণসহ<br>২) পরোক্ষ কর্মসংস্থানের সংক্ষিপ্ত বিবরণসহ</td><td>৫</td></tr>
<tr><td>(খ)</td><td>সমিতিতে আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ</td><td>৫</td></tr>
<tr><td>(গ)</td><td>সমবায় উদ্যোক্তা সৃজনে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ</td><td>৫</td></tr>
</table>
</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

<table>
<tr><th>বিষয়/অনুচ্ছেদ</th><th>বিদ্যমান জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪</th><th>সংশোধিত</th><th>বাদ</th><th>অন্তর্ভুক্তি</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><th>৯.৫</th><th>অন্যান্য কার্যক্রম</th><th>মোট নম্বর (৫×২)=১০</th></tr>
<tr><td>(ক)</td><td>সমবায় আন্দোলনে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ</td><td>২</td></tr>
<tr><td>(খ)</td><td>আদর্শ সমবায় গঠনে তাঁর নেতৃত্বের ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ</td><td>২</td></tr>
<tr><td>(গ)</td><td>জনকল্যাণমূলক কাজে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ</td><td>২</td></tr>
<tr><td>(ঘ)</td><td>স্মার্ট সমবায় সৃজনে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ</td><td>২</td></tr>
<tr><td>(ঙ)</td><td>সমিতিতে ইতঃপূর্বে সৃষ্ট কোনো চ্যালেঞ্জ মোকাবেলায় তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ</td><td>২</td></tr>
</table>
</td>
<td>
<table>
<tr><th>৯.৫</th><th>অন্যান্য কার্যক্রম</th><th>মোট নম্বর (৫×৩)=১৫</th></tr>
<tr><td>(ক)</td><td>সমবায় আন্দোলনে তাঁর নেতৃত্ব, ভূমিকা ও স্বীকৃতির সংক্ষিপ্ত বিবরণ</td><td>৫</td></tr>
<tr><td>(খ)</td><td>তথ্য-প্রযুক্তি নির্ভর সমবায় সৃজনে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ</td><td>৫</td></tr>
<tr><td>(গ)</td><td>সমবায় সংক্রান্ত তাঁর নিজস্ব প্রকাশনা (প্রমাণক – স্বনামে প্রকাশিত নিবন্ধ/গবেষণা ইত্যাদি)</td><td>৫</td></tr>
</table>
</td>
<td>৯.৫ (গ) জনকল্যাণমূলক কাজে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ<br><br>৯.৫ (ঘ) ‘স্মার্ট’<br><br>৯.৫ (ঙ) সমিতিতে ইতঃপূর্বে সৃষ্ট কোনো চ্যালেঞ্জ মোকাবেলায় তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ</td>
<td>৯.৫ (গ) এর পরিবর্তে একই ক্রমিকে নতুন সূচক ‘সমবায় আন্দোলনের স্বীকৃতিস্বরূপ স্থানীয়/ জাতীয় পর্যায়ে তাঁর স্বীকৃতির সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণক- সনদ, ক্রেষ্ট, ছবি)’।<br><br>৯.৫. (ঘ) ‘স্মার্ট’ শব্দের পরিবর্তে ‘তথ্য-প্রযুক্তি নির্ভর’ শব্দগুচ্ছ অন্তর্ভুক্তি।<br><br>৯.৫ (ঙ) এর পরিবর্তে একই ক্রমিকে নতুন সূচক ‘সমবায় সংক্রান্ত  তাঁর নিজস্ব প্রকাশনা (প্রমাণক – স্বনামে প্রকাশিত নিবন্ধ/গবেষণা ইত্যাদি)’।</td>
<td>১. জাতীয় পর্যায়ে সমবায়ী মূল্যায়নে স্থানীয় পর্যায়ে প্রাপ্ত স্বীকৃতি জাতীয় পুরস্কারের প্রাথমিক ধাপ, যা ইতোপূর্বে অন্তর্ভুক্ত করা হয়নি। বিষয়টি অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে।<br>২. সমবায় সেক্টরে অবদানের ক্ষেত্রে ব্যক্তিগত লেখা/প্রবন্ধ ইত্যাদি প্রকাশনা একটি জ্ঞান ভিত্তিক চর্চা, যা ইতোপূর্বে অন্তর্ভুক্ত করা হয়নি। ব্যক্তিগন প্রকাশনা/লেখা/নিবন্ধ ইত্যাদি মূল্যায়নের সুযোগ তৈরী করা হয়েছে।<br>৩. যে দু’টি সূচক বাদ দেয়ার প্রস্তাব করা হয়েছে তা ‘ক’ ও ‘খ’ ক্রমিকে বর্ণিত হওয়ার সুযোগ রয়েছে। নতুন বিষয় দুটি অবতারনার মাধ্যমে মূল্যায়ন আরও অর্থবহ হবে আশা করা যায়।</td>
</tr>
</table>